



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬৭.১৭-৩৬৭

তারিখঃ ০৬/৬/২০১৭ খ্রিঃ

জনাব সাগর তরফদার
মাঠ সংগঠক (ইরেসপো)

উপজেলাঃ চিতলমারি, জেলাঃ বাগেরহাট।


(বরগুনা জেলার আমতলী উপজেলায় Loan Recovery staff হিসেবে সংযুক্তির আদেশ প্রাপ্ত)

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনার পূর্ববর্তী কর্মস্থল বরগুনা জেলার আমতলী উপজেলায় প্রকল্প কার্যক্রম তদন্তে আপনার কর্মকালীন নিম্নোক্ত অনিয়মসমূহ সুস্পষ্টভাবে প্রমানিত হয়েছে :

- আপনার ব্লকভুক্ত কিছু সংখ্যক সমিতি প্রকল্পের নির্দেশনা মোতাবেক গঠন না করে অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণে সম্পৃক্ত থাকার ফলে বর্তমানে ৮৭৫৯০১/- (আট লক্ষ পঁচাত্তর হাজার নয়শত এক) টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়া;
- দক্ষিণ পাতাকাটা মহিলা সমিতি, মধ্য পাতাকাটা মহিলা সমিতি ও মধ্য ঘটখালী মহিলা সমিতির সদস্যের নামে বিতরণ দেখিয়ে অনিয়মতান্ত্রিক ভাবে দক্ষিণ পাতাকাটা মহিলা সমিতির সদস্য শিখা রানী'কে বর্ণিত ০৩ টি সমিতির ১৫ জন সদস্যের বিপরীতে ২৫৭০০০.০০ টাকা, গিতা রানী'কে বর্ণিত ০৩ টি সমিতির ১৪ জন সদস্যের বিপরীতে ২২৮০০০.০০ টাকা ও আলো রানী'কে ০২ টি সমিতির (মধ্য ও দক্ষিণ পাতাকাটা) ০৬ জন সদস্যের বিপরীতে ১০৭০০০.০০ টাকা প্রদানে জড়িত থাকায়;
- প্রকল্পের নির্দেশনা অমান্য করে উদ্দেশ্য প্রণোদিত ভাবে আমতলী উপজেলার স্থায়ী বাসিন্দা নন এমন মহিলাদের নিয়ে সমিতি গঠনপূর্বক ঋণ প্রদানে জড়িত থাকায়;
- আপনার ব্লকভুক্ত বেশ কয়েকটি সমিতিতে খেলাপী ঋণ থাকা অবস্থায় নিয়ম বহির্ভূত ভাবে পুনরায় ঋণ বিতরণের প্রস্তাব দাখিল;
- প্রকল্পের নির্দেশনা অমান্য করে উদ্দেশ্য প্রণোদিত ভাবে গ্রামের আয়তন ছোট হওয়া সত্ত্বেও একই গ্রামে একাধিক সমিতি গঠনে জড়িত থাকা;
- পশ্চিম ঘটখালী মহিলা সমিতিতে সদস্যদের পাশ বহি প্রদান না করে ঋণ বিতরণ ও আদায়ের হিসাব যথাযথভাবে সংরক্ষণ না করা এবং ঋণের সিলিং বৃদ্ধি করে পেপার ট্রানজেকশনের মাধ্যমে সমিতিতে পুনরায় ঋণ বিতরণে জড়িত থাকা;

এমতাবস্থায়, অনিয়মতান্ত্রিক ভাবে বিতরনকৃত মেয়াদোত্তীর্ণ খেলাপীর সমূদয় অর্থ আদায়ের জন্য কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন এবং প্রকল্প স্বার্থ বিরোধী, অনিয়মতান্ত্রিক, স্বৈচ্ছাচারি ও উদ্দেশ্যমূলক কার্যক্রমের জন্য কেন আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হবে না তার সন্তোষজনক জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামি ১৮/৬/২০১৭ খ্রিস্টাব্দ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য বলা হলো।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ শালিখা/ আমতলী, জেলাঃ মাগুরা/বরগুনা।
- প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ মাগুরা/বরগুনা।
- মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।